



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ
BANGLADESH MAHILA PARISHAD
SUFIA KAMAL BHABAN
10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000
Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org
E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com
NGOs in consultative status with the Economic and Social
Council [ECOSOC] of the United Nations

তারিখ: ০৫.০৬.২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়: ১। লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ বাসের মধ্যে এক তরুণীকে তিন বখাটে কর্তৃক ধর্ষণের চেষ্টায় বাধা দিতে গিয়ে নৈশপ্রহরীর মৃত্যু
২। বগুড়া জেলার সদর উপজেলার বান্ধবীকে উত্ত্যক্তের প্রতিবাদ করায় মালতিনগরের পলিটেকনিক ইনস্টিটিউটের কম্পিউটার বিভাগের শিক্ষার্থীকে হত্যার ঘটনাদ্বয়ে উদ্বেগ ও তীব্র ক্ষোভ প্রকাশ করে জড়িতদের শাস্তির দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ৫ জুন ২০২২ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে-

১। লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ বাসের মধ্যে এক তরুণীকে তিন বখাটে কর্তৃক ধর্ষণের চেষ্টায় বাধা দিতে গিয়ে নৈশপ্রহরীর মৃত্যুর ঘটনা ঘটেছে। জানা যায়, গত ৩ জুন ২০২২ তারিখ ঘটনার শিকার তরুণী চাটখিল থেকে নোয়াখালী সোনাপুর যাওয়ার উদ্দেশ্যে জননী নামের একটি বাসে রওনা হলেও ভুলবশত সে রামগঞ্জ বাসস্ট্যাণ্ডে চলে আসে। এ সময় বাসের চালক ও হেলপারকে জানালে তারা তরুণীকে চট্টগ্রামগামী নিলাচল বাসে বসতে বলে। পরে জননী বাসের হেলপার আজাদ ও স্থানীয় বখাটে যুবক এমরান হোসেনসহ তিন জন দলবদ্ধ হয়ে বাসে অপেক্ষমাণ তরুণীকে ধর্ষণের চেষ্টা চালায়। এ সময় তরুণীর চিৎকার শুনে বাসস্ট্যাণ্ডের নৈশপ্রহরী শাহজাহান বখাটেদের বাধা দিলে মারপিটের শিকার হয়ে একপর্যায়ে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে তিনি ঘটনাস্থলেই মারা যান।

২। বগুড়া জেলার সদর উপজেলার বান্ধবীকে উত্ত্যক্তের প্রতিবাদ করায় মালতিনগরের পলিটেকনিক ইনস্টিটিউটের কম্পিউটার বিভাগের শিক্ষার্থীকে হত্যার ঘটনা ঘটেছে। বনি বগুড়া শহরের মালতিনগর পশ্চিমপাড়ার দত্ত চিকিৎসক আনিসুর রহমান বাবুর ছেলে। তিনি বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউটে কম্পিউটার বিভাগে পঞ্চম সেমিস্টারের শিক্ষার্থী। বনি একজন সাইক্লিষ্ট। তিনি বিডি ক্লিনসহ একাধিক স্বেচ্ছাসেবী সংগঠনের সঙ্গে যুক্ত ছিলেন। তিনি গত ৩ জুন ২০২২ তারিখ বান্ধবীকে নিয়ে শহরের কলোনি এলাকায় খেতে গেলে ওই এলাকার আরিফ বিহারি ও সোহান বান্ধবীকে উত্ত্যক্ত করলে তার প্রতিবাদে বনি ও বখাটেদের মধ্যে বাগবিতণ্ডা শুরু হয়। একপর্যায়ে বখাটেরা বনির মাথায় ছুরিকাঘাত করে পালিয়ে যায়। রক্তাক্ত ও অচেতন অবস্থায় উদ্ধার করে তাকে বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করলে কিছুক্ষণ পর তিনি মারা যান।

বাংলাদেশ মহিলা পরিষদ এধরনের সহিংসতার ঘটনা উদ্বেগজনকভাবে বেড়ে যাওয়া সমাজে অস্থিরতা সৃষ্টি হচ্ছে। বাংলাদেশ মহিলা পরিষদ মনে করে, এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা জরুরী। এই অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে উত্ত্যক্তকরণ, যৌন নিপীড়ন ও যৌন সহিংসতা ও ধর্ষণের চেষ্টার ঘটনায় দ্রুত বিচার নিশ্চিতকরণে আশু কার্যকরী পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছে। এই ধরনের ঘটনা প্রতিরোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের গুরুত্বসহকারে বিবেচনায় নিয়ে যথাযথ দায়িত্ব পালনের দাবি জানাচ্ছে। পাশাপাশি সামাজিক শক্তিকে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

উক্ত ঘটনাদ্বয়ের সাথে জড়িতদের সনাক্তকরণপূর্বক দ্রুত গ্রেফতার ও যথাযথ আইনী ব্যবস্থা গ্রহনসহ সূষ্ঠ ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে যথাযথ শাস্তির জোর দাবি জানাচ্ছে। নির্যাতনের শিকার তরুণীদের ও তাদের পরিবারের সদস্যদের নিরাপত্তার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানাচ্ছে। সেইসাথে নারী ও কন্যার প্রতি সহিংসতা প্রতিরোধ এবং সামাজিক অবক্ষয়ের বিরুদ্ধে সারাদেশে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ